

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬৫

১/ বিবিধ

আরবী

أنت على ثغرة من ثغر الإسلام، فلا يؤتين من قبلك لم أجده بهذا اللفظ

لكن أوقفني بعض الإخوان _ جزاه الله خيرا _ على ما في كتاب " السنة " للمروزي (ص 8) رواه بسند صحيح عن الوضين بن عطاء عن يزيد بن مرثد مرفوعا بلفظ " كل رجل من المسلمين على ثغرة من ثغر الإسلام، الله الله، لا يؤتى الإسلام من قبلك

قلت: فهذا بمعناه، لكن فيه علتان

الأولى: الإرسال، فإن ابن مرثد هذا تابعي له مراسيل كما في التقريب والأخرى: الوضين بن عطاء، فإنه مختلف فيه، وقد جزم الحافظ بأنه سيء الحفظ ، فيخشى أن يكون أخطأ في رفعه، فقد عقبه المروزي بروايتين موقوفتين على الأوزاعي والحسن بن حي، وفيهما ضعف. والله أعلم ونحوه قوله صلى الله عليه وسلم استقبل هذا الشعب حتى تكون في أعلاه ولا يغرن من قبلك الليلة وهو صحيح كما بينته في "السلسلة الصحيحة " (378)

বাংলা

১১৬৫। তুমি ইসলামের বিপদসঙ্কুল পথসমূহের একটি পথে অবস্থান করছ, তোমার দিক থেকে (শত্রু কর্তৃক) সে



পথের আগমন যেন না ঘটে।

এ ভাষায় হাদীসটি পাচ্ছি না। অর্থাৎ হাদীসটি ভিত্তিহীন।

কিন্তু কোন এক ভাই (আল্লাহ তাকে উত্তম বদলা দান করুন) আমাকে অবহিত করেন যে, হাদীসটি মারওয়ায়ী "আস-সুন্নাহ" গ্রন্থে (পৃঃ ৮) অধীন ইবনু আতা হতে, তিনি ইয়াযীদ ইবনু মারসাদ হতে মারফূ' হিসেবে নিম্নের ভাষায় বর্ণনা করেনঃ

كل رجل من المسلمين على ثفرة من ثفر الإسلام، الله الله، لا يؤتى الإسلاممن قبلك

প্রত্যেক মুসলিম ব্যক্তি ইসলামের বিপদসঙ্কুল পথসমূহের একটি পথে অবস্থান করছে। আল্লাহ, আল্লাহ, ইসলামে সে বিপদ সঙ্কুল পথের আগমন যেন তোমার দিক থেকে না ঘটে ।

এটির উপরোক্ত হাদীসের ভাবার্থের সাথে মিল রয়েছে। কিন্তু এর মাঝে দুটি সমস্যা রয়েছেঃ

১। এটি মুরসাল। কারণ ইয়াযীদ ইবনু মারসাদ একজন তাবেঈ, তার বহু মুরসাল বর্ণনা রয়েছে যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

২। বর্ণনাকারী ওয়ায়ীন ইবনু আতা সম্পর্কে মতভেদ করা হয়েছে। হাফিয ইবনু হাজার দৃঢ়তার সাথে বলেছেনঃ তার হেফযে ক্রটি ছিল। আশঙ্কা করা হচ্ছে যে, তিনি ভুল করে হাদীসটিকে মারফু' বানিয়ে ফেলেছেন। মারওয়ায়ী পরক্ষণেই আওযাঈ ও হাসান ইবনু হাইয়ু থেকে দু'টি মওকুফ বর্ণনা উল্লেখ করেছেন। সে দু'টোতেও দুর্বলতা রয়েছে। আল্লাহই বেশী জানেন।

তবে সহীহ হাদীসের মধ্যে বর্ণিত হয়েছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "তুমি এ পাহাড়ী পথ অথবা দু'পাহাড়ের মধ্যের সুড়ঙ্গ পথ দিয়ে এগিয়ে গিয়ে তার সর্বোচ্চে অবস্থান কর। তোমার দিক থেকে রাতের বেলা যেন (শক্র কর্তৃক) আমরা ধোকায় না পড়ি।" [দেখুন "সিলসিলাহ সহীহাহ" (৩৭৮) ও "সহীহ আবী দাউদ" (২৫০১)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন